বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৮

## সরকারী দলের হুইপ যে অভিযোগ করলেন—

সংসদ রিপোর্টার ॥ থানা শিক্ষা কর্মকর্তাগণ অবাধে ঘুষ খাচ্ছেন। টাকা দিলে তারা দু'টি প্রাথমিক বিদ্যালয়ের দূরত্ব আড়াই কিলোমিটারকে আধা কিলোমিটার করছেন। আবার টাকা না দিলে দু' কিলোমিটার হয়ে যাচ্ছে তিন কিলোমিটার বা তার বেশি দূরত্ব। সরকারী নীতির কারণেই শিক্ষা কর্মকর্তাগণ এই সুযোগ পাচ্ছেন।

রবিবার জাতীয় সংসদে হুইপ শাহজাহান মিয়া এই অভিযোগ করেছেন। প্রশ্নোত্তর পর্বে সরকারী দলের হুইপ কর্তৃক উত্থাপিত এই অভিযোগ শিক্ষামন্ত্রী অস্বীকার করেননি। তিনি বলেন, একজন হুইপ যিনি উপমন্ত্রীর সমমর্যাদা সম্পন্ন এবং সংসদ সদস্য তিনি ইচ্ছা করলেই এসব দুর্নীতিবাজ কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন। মন্ত্রী আশ্বাস দেন সুনির্দিষ্ট অভিযোগ পেলে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। প্রশ্নটি ছিল, প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন প্রসঙ্গে। সরকারী নীতি অনুযায়ী দু' বর্ণকিলোমিটার এলাকায় একাধিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয় না। হুইপ শাহজাহান মিয়া অভিযোগ করেন, টাকার বিনিময়ে সরকারী নীতি অনুযায়ী প্রয়োজনীয় দূরত্বের কম-বেশি হচ্ছে। তিনি বলেন, আমরা নিজেরাই কি কর্মকর্তাদের ঘুষ খাওয়ায় উৎসাহিত করছি না।